দর্শনা কেরুতে দেশের প্রথম হারভেষ্টার মেশিনে আখ কর্তন কাজের উদ্ধোধন

দর্শনা কেরুজ কৃষি খামারে আধুনিক পদ্ধতিতে হারভেষ্টার মেশিন দিয়ে আখ কর্তন কাজের শুভ উদ্ধোধন করা হয়েছে।

রোববার দুপুর ১২টার দিকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কেরুজ ফুরশেদপুর কৃষি খামারে হারভেষ্টার মেশিন দিয়ে আখ কর্তন কাজের শুভ উদ্ধোধন করেন বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশনের যুগ্ন সচিব এবং পরিচালক (অর্থ) খন্দকার আজিম আহমেদ এনডিসি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোশারফ হোসেন। এসময় তিনি বলেন, বর্তমান সরকার কৃষি বান্ধব। তাই কৃষিতে বিল্পব আনতে নানা কর্মসূচি বাস্তবায়ন করে চলেছেন। বিশেষ করে চিনি ও খাদ্যশিল্প করপোরেশেনের অভিভাবক শিল্পমন্ত্রাণালয়ের সচিব জাকিয়া সুলতানা বিশেষ উদ্যোগ গ্রহণ করে প্রদনা হিসাবে এ হার্ভেষ্টার মেশিন প্রদান করেছেন।

তিনি আরও বলেন, আখ কর্তানের হারভেষ্টার মেশিন দেশে এই প্রথম। এ মেশিনটি ইন্ডিয়া গুজরাটের টারর্বো এগ্রো টেকনোলজি লিমিটেড কোম্পনীর তৈরী। এ হার্ভের্ষ্টার মেশিনটির নাম শক্তিমান। এটা অনেকটা ট্রাক্টরের মত দেখতে। এ যন্ত্র দিয়ে একই সাথে আখ কর্তন, আর্বজনা পরিষ্কার এবং স্তুপ করা যায় স্বয়ংক্রিয়ভাবে। কম্বাইন্ড হার্ভেস্টার ব্যবহারের মাধ্যমে উৎপাদন খরচ কমবে। বাঁচবে সময়। শ্রমিক লাগবে কম।

চিনিকলগুলোতে অনেক আখ চাষ হয়ে থাকে। মোরসুম শুরু হলে শ্রমিকের অভাবে আখ কর্তন নিয়ে দেখা দেয় জটিলতা। খরচও পড়ে অধিক। আখ কর্তন যন্ত্রনার কারণে অনেকেই আজ আখ চাষে আগ্রহ হারিয়ে ফেলেছে। আশা করি হার্ভেষ্টার মেশিন পর্যাপ্ত হলে আগামীতে চিনিকলের কৃষি খামারের আখ কর্তনের পাশাপাশি কৃষকের আখ কর্তনে সহযোগিতা করা সম্ভব হবে। এতে সময় ও খরচ শাশ্রয় এবং আখের উপর নিচের অংশ অপচয় কম হবে। বৃদ্ধিপাবে ফলন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক বলেন, নিজেস্ব জমিতে আখ লাগানোর পাশাপাশি এলাকার অনেক কৃষক আখ রোপন করে থাকে। মোরসুম শুরু হলে আখ কর্তন নিয়ে দেখা দেয় নানা জটিলতা। এ

হার্ভেষ্টার মেশিনটি সদর দপ্তর কিংবা চিনিকলের টাকায় কেনা না।

শিল্পমন্ত্রনালয়ের সচিব মহাদয়ের একান্ত উদ্যোগে প্রনোদনা হিসাবে দেয়া হয়েছে। এর জন্য সচিব মহাদয়দের নিকট চিনিশিল্প কৃতজ্ঞ থাকবে। সেই সাথে এর সুফল পেলে আগামী মোরসুম শুরুর আগেই চিনিকলগুলো যেন এমেশিন পেতে পারে তার আবেদন করা হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট।

এসময় আরও উপস্তিত ছিলেন, নর্থ বেঙ্গল সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক আনিসুল আজম, চিনি ও খাদ্য শিল্প করপোরেশন উপ-বিভাগীয় ব্যবস্থপক (কৃষি) প্রকৌশলী মো.মাহমুদুল হাসান মিল্টন, সায়েদ সামস তাবরিজ প্রিন্সিপাল অফিসার এগ্রিকালচার ইঞ্জিনিয়ার ডিবিশন চিনি ও খাদ্য শিল্প করপোরেশন। ইন্ডিয়া গুজরাটের টারর্বো এগ্রো টেকনোলজি লিমিটেড শক্তিমান সার্ভিস ইঞ্জিনিয়ার রাজস কুমার সরকার, আলিম ইন্ডাসট্রিজের জেনারেল ম্যানেজার ও মার্কেটিং এবং সেলস এর প্রতিতিধি ইঞ্জিনিয়ার মোঃ হুমায়ুন কবীর, নর্থ বেঙ্গল সুগার মিলের ব্যবস্থাপক পরিবহন প্রকৌশল রিয়াজুল ইসলাম, কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ব্যবস্থাপক (খামার) সুমন কুমার সাহা, ব্যবস্থাপক (পরিঃপ্রকৌঃ) আবু সাঈদ, ফুরশেদপুর খামার ইনচার্জ এমদাদুল হক ইমদাদ।

দর্শনা কেরু ও আন্তর্জাতিক চেকপোস্ট পরিদর্শন করলেন বিমান ও পর্যটক মন্ত্রণালয়ের সচিব

দর্শনা কেরু ও আন্তজার্তিক চেকপোস্ট দর্শনা পরিদর্শন করেছেন বেসামরিক বিমান ও পর্যটক সচিবসহ তিন সদস্যর একটি প্রতিনিধি দল।

গতকাল শুক্রবার বিকালে বেসামরিক বিমান ও পর্যটক সচিব মোঃ মোকাম্মেল হোসেনসহ তিন সদস্যের একটি প্রতিনিধিদল কেরুর

ডিস্টিলারি বিভাগ ও দর্শনা আন্তর্জাতিক চেকপোস্ট পরিদর্শন করেন।

পুলিশ জানায় ঐদিন বিকাল সাড়ে চারটার দিকে প্রতিনিধিদল সরাসরি কেরুর লাভ জনক প্রতিস্ঠান ডিস্টিলারির বিভিন্ন বিভাগ ঘুরে ঘুরে দেখার পর দর্শনা চেক পোস্টে যান।পরিদর্শন শেষে বিকাল পাঁচটার দিকে মুজিবনগরের উদ্দেশ্যে দর্শনা ত্যাগ করেন।

এ সময় অতিরিক্ত সচিব ও বিটিভি সিও আবু তাহের মোহাম্মদ জাবের,পর্যটক চেয়ারম্যান আলি কদর,চুয়াডাঙা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান চুয়াডাঙ্গার নির্বাহী ম্যাজিষ্ট্রেট তারিকুজ্জামান, কেরু এ্যান্ড কোম্পানির এম ডি মোঃ মোশারফ হোসেন, মহা ব্যাবস্হাপক (অর্থ) সাইফুল ইসলাম, মহা ব্যা্বস্হাপক (কারখানা) সুমন কুমার সাহা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম, দর্শনা থানার ওসি এ এইচ এম লুৎফুল কবির উপস্হিত ছিলেন ও দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশনের ইনচার্জ আবু নাইম।